ঝিনাইদহে এশিয়ান টিভি ও এসএ টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহ প্রেসক্লাবে নানা আয়োজনে এশিয়ান টিভি ও এসএ টিভির একাদশ পেরিয়ে দ্বাদশ বছরে পদার্পণ উপলক্ষে ১২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে প্রেসক্লাব মিলনায়তনে কেক কাঁটা, আলোচনা সভা এবং মিষ্টি বিতরণের মাধ্যমে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার হিজল।

এছাড়া অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ সদর থানার ওসি তদন্ত সুজন কুমার মন্ডল, জেলা মহিলা সংস্থার সভানেত্রী দিপ্তী রহমান, কালীচরণ পুর ইউনিয়নের চেয়রম্যান জাহাঙ্গীর আলম, বেসরকারী সংস্থা সিও’র নির্বাহী পরিচালক সামছুল আলম, জেলা শ্রমিক লীগের সভাপতি আক্কাস আলী, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সাবেক সভাপতি বিমল কুমার সাহা, সাইফুল মাবুদ, সাবেক সাধারণ সম্পাদক নিজাম জোয়ার্দার বাবলু প্রমূখ। এর আগে এসএ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহাম্মেদ এবং এশিয়ান টিভির জেলা প্রতিনিধি রবিউল ইসলাম রবি শুভেচ্ছা বক্তব্য রাখেন।

আলোচনা কালে বক্তারা টিভি দুইটির বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের মাধ্যমে উত্তর উত্তর পাঠক প্রিয়তা আরো বৃদ্ধি এবং সফলতা কামনা করেন।

ঝিনাইদহে সমৃদ্ধি নারী সংঘ

[redacted]

[redacted] [redacted] [redacted] [

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠান উদ্বোধন করেণ।

এসময় পেনেল মেয়র সাইফুল ইসলাম মধু, পৌরসভার সচিব মোস্তাক আহাম্মেদ, মহিলা কাউন্সিলর অঞ্জুয়ারসহ অন্যান্য কাউন্সিলর ও পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিরা উপস্থিত ছিলেন। কম্বল বিতরণের আগে মেয়র হিজল বলেন এই কম্বল মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার এর সাথে আমেদের ব্যক্তিগত কিছু আছে এরপর আরও শীতবস্ত্র দেওয়া হবে। প্রধানমন্ত্রী কাউকে অভুক্ত, গৃহহীন, শীতার্ত রাখবে না। আমরাও কাউকে শীতার্ত রাখতে চাইনা । প্রয়োজনে পৌরসভায় অস্বচ্ছল পরিবারের মাঝে বাড়ি বাড়ি গিয়ে কম্বল পৌছে দেওয়া হবে। আমার দাদা ভাই মহুল ভাই আপনাদের দোয়া আর সহযোগীতায় এমপি হয়েছে তিনি ৩০হাজার কম্বল বিতরণ করবেন। তাই এখানে যারা পাচ্ছেন না তারা হতাশ হয়েন না আমরা সবাইকে কম্বল দিব। তিনি সকলকে শান্ত হয়ে প্রধানমন্ত্রীর উপহার শীতবস্ত্র নেওয়ার আহবান জানান।

ঝিনাইদহে টিসিবির ভর্তুকি মূল্যে পণ্য বিক্রি শুরু

ঝিনাইদহে জানুয়ারি মাসের ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রি শুরু করেছে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন ট্রেডিং করপোরেশন অব-বাংলাদেশ (টিসিবি)।
আজ বৃহস্পতিবার সকালে শহরের শিশু একাডেমিতে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, জেলা খাদ্য নিয়ন্ত্রক মান্নান আলী, সদর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মজনুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবারও জেলার ৬ উপজেলায় ১০৫ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১’শ ৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিন্ম আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৪’শ ৭০ টাকায় ২ কেজি মসুরের ডাল, ২ লিটার সয়াবিন তেল ও ৫ কেজি

মহেশপুর সীমান্তে স্বর্ণের টাকা ভাগাভাগি নিয়ে দু’জনকে গুলি করে হত্যা,আহত ১

স্বর্ণ চোরাচালানীর টাকা ভাগাভাগি নিয়ে বিরোধের জের ধরে শামীম মন্ডল (৩৫) ও মন্টু মন্ডল (৪৭) নামের দু’জনকে গুলি করে হত্যা করা হয়েছে। এসময় নিহত শামীমের বাবাও সামছুল মন্ডল (৬৫) গুলিতে আহত হয়। তাকে আহত অবস্থায় মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। পুলিশ নিহতদের লাশ উদ্ধার করে থানায় নিয়েছে।

এ ঘটনাটি ঘটেছে আজ বুধবার বিকাল ৪টার দিকে ঝিনাইদহের মহেশপুর উপজেলার নেপা ইউনিয়নের সীমান্ত বর্তী বাঘাডাঙ্গা গ্রামে। তবে ঘাতক তরিকুল ইসলাম ওরফে আকালেকে আটক করতে পারেনি পুলিশ।

এলাকাবাসী জানান, বাঘাডাঙ্গা সীমান্ত এলাকা দিয়ে র্দীঘ দিন ধরে শামীম,মন্টু,তরিকুলসহ ৫/৬ জন স্বর্ণের চারাচালান ব্যবসা করে আসছিলো। আর স্বর্ণ চোরাচালানীর টাকা ভাগাভাগি নিয়ে বেশ কয়েক দিন ধরে তাদের মধ্যে বিরোধ চলে আসছিলো।

নিহত শামীমের চাচাতো ভাই কামরুজ্জামান জানান, তাদের মধ্যে টাকা ভাগাভাগি নিয়ে বিরোধের কারনে আজ বুধবার বিকালে ঘাতক বাঘাডাঙ্গা গ্রামের পনিআটি পাড়ার টেনা মন্ডলের ছেলের তরিকুল ওরফে আকালের কাছে পাওনা টাকা চাইতে যায় বাঘাডাঙ্গা গ্রামের সামসুল মন্ডলের ছেলে শামীম ও একই গ্রামের মন্টু। তখন তরিকুল, শামীম ও মন্টু মধ্যে টাকা নিয়ে কথা কাটাকাটি হয়। এর এক পর্যায়ে তরিকুল ওরফে আকালের হাতে থাকা পিস্তল দিয়ে শামীম ও মন্টুকে গুলি করে পালিয়ে যায়। সংবাদ পেয়ে মহেশপুর থানা পুলিশ ঘটনা স্থল থেকে ২টি গুলির খোশা ও তীরধনুক উদ্ধার করেছে।

নেপা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সামছুল আলম মৃধা জানান, তাদের

মধ্যে চোরাচালানের টাকা পয়সা ভাগাভাগি নিয়ে বিরোধের কারনেই এই হত্যা কান্ডের ঘটনা ঘটেছে।

মহেশপুর থানার অফিসার ইনর্চাজ (ওসি) মাহাবুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, নিহতদের লাশ উদ্ধার করা হয়েছে।

আগামীকাল বৃহস্পতিবার নিহতদের লাশ ঝিনাইদহ মর্গে প্রেরণ করা হবে। তিনি আরো জানান, আসামী ধরতে বিভিন্ন এলাকায় অভিযান চলছে।

ঝিনাইদহের মহেশপুরে ৪০টি স্বর্ণের বারসহ আটক ১

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত এলাকা থেকে ৪ কোটি ৫লাখ ৯৯হাজার ৪৭১ টাকা মূল্যের ৪ কেজি ৬৬৫.৫৪ গ্রাম ওজনের ৪০টি স্বর্ণের বারসহ ১ জন আসামীকে আটক করেছে বিজিবি।

আজ বুধবার (১৭ জানয়ারি) ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র অধিনায়ক মাসুদ পারভেজ রানা স্বক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, আজ সাড়ে আটটার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনায়ক নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারেন চোরাকারবারীরা মাটিলা সীমান্ত এলাকা দিয়ে স্বর্ণ পাচারের উদ্দেশ্যে সীমান্তের দিকে গমন করবে। এই তথ্যের ভিত্তিতে অধিনায়কের নেতৃত্বে ব্যাটালিয়ন সদরের ৭ সদস্যের একটি বিশেষ টহল দল দুইভাবে বিভক্ত হয়ে অধিনায়ক এবং উপ-অধিনায়ক মেজর মাহমুদুল হাসান সীমান্ত পিলার ৫২/১৮-আর হতে ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে ওই এলাকার শহিদুল মন্ডলের বাঁশবাগানের মধ্যে দুইটি পৃথক স্থানে এ্যাম্বুশ নিয়ে বসে থাকে।

গোয়েন্দা তথ্যের বর্ণনা মোতাবেক আনুমানিক সাড়ে আটটার দিকে ২ জন চোরাকারবারী পায়ে হেটে সীমান্তের দিকে যাওয়ার সময় এ্যাম্বুশ দল তাদের চ্যালেঞ্জ করলে চোরাকারবারীরা তাদের সাথে থাকা একটি সাদা কাপড়ের বেল্ট সাদৃশ্য বস্তু ভূট্টা ক্ষেতের মধ্যে ফেলে দিয়ে দৌড়ে পালানোর চেষ্টা করলে বিজিবি টহলদল তাদের পিছু ধাওয়া করে। চোরাকারবারীদের মধ্যে ১ জন ঘন কুয়াশার সুযোগ নিয়ে ভারতের

অভ্যন্তরে পালিয়ে যায় এবং অপর ১ জন চোরাকারবারী একই উপজেলার মাটিলা বাগানপাড়া গ্রামের মোঃ হযরত আলী ছেলে মোঃ রিমন হোসেন (২০)কে ১টি মোবাইলসহ আটক করতে সামর্থ হয়। চোরাকারবারীদের ফেলে দেওয়া সাদা কাপড়ের ভিতরে খাকী রং এর কস্টেপ দিয়ে মোড়ানো অবস্থায় ৪ কেজি ৬৬৫.৫৪ গ্রাম ওজনের ৪০টি স্বর্ণের বার জব্দ করে। আটকৃত স্বর্ণের বারের আনুমানিক মূল্য ৪কোটি ৫লাখ ৯৯হাজার ৪৭১ টাকা। স্বর্ণের বার শুল্ক কর ফাঁকি দিয়ে ভারতে পাচারের জন্য বহন ও নিজ জিম্মায় রাখায় অভিযুক্ত ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। আটককৃত আসামীর বিরুদ্ধে মহেশপুর থানায় মামলা দায়ের এবং স্বর্ণের বার ঝিনাইদহ ট্রেজারী অফিসে জমা দেয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে বিজ্ঞপ্তিতে জাননো হয়।

আটককৃত স্বর্ণের বার এবং ১টি মোবাইলের সর্বমোট মল্য চার কোটি ছয় লক্ষ ষোল হাজার নয়শত একাত্তর টাকা সিজার লিস্টে উল্লেখ করা হয়।

ঝিনাইদহ বিদেশি পিস্তল ও দুই রাউন্ড গুলিসহসহ যুবক গ্রেপ্তার

ঝিনাইদহের কালীগঞ্জের একতারপুর গ্রাম থেকে বিদেশি পিস্তল ও গুলিসহ রাজন বিশ্বাস রাজু (৩৫) নামের যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার (১৬ জানুয়ারি) দুপুরে তাকে গ্রেপ্তার করা হয়। সে ওই গ্রামের মৃত রেজাউল ইসলামের ছেলে।

কালীগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) মানিক চন্দ্র গাইন জানান, সকালে উপজেলার একতারপুর গ্রামের এক নারী ওই গ্রামেরই রাজন বিশ্বাস রাজুর বিরুদ্ধে সকালে কালীগঞ্জ থানায় একটি ধর্ষণ চেষ্টার মামলা করেন। পরে গোপন তথ্যের ভিত্তিতে একতারপুর গ্রামের একটি রাস্তার পাশ থেকে সেই মামলার আসামি রাজন কে গ্রেপ্তার করা হয়। পরে তার দেহ তল্লাশি করে একটি বিদেশি পিস্তল, দুই রাউন্ড গুলি ও একটি ম্যাগজিন উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে কালীগঞ্জ ও যশোরের

বিভিন্ন থানায় নাশকতা, মাদক, ধর্ষণ চেষ্টাসহ বিভিন্ন ধরণের ছয়টি মামলা রয়েছে।

হরিণাকুণ্ডুতে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজনে ঝিনাইদহে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ জানুয়ারি) দুপুরে হরিনাকুন্ডু পৌরসভার আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সে সময় উপজেলা নির্বাহী অফিসার আক্তার হোসেন, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ জিয়াউর রহমান, প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

খেলায় পৌরসভার ১০টি দল দুটি গ্রুপে বিভক্ত হয়ে অংশ নিবে। উদ্বোধনী ম্যাচে ১৫ ওভারের খেলায় পৌরসভার ১ নং ওয়ার্ড ও ৩নং ওয়ার্ড অংশ নেয়। মাদক ও মোবাইল গেমস থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখতে এমন ধরণের আয়োজন বলে জানান আয়োজকরা।

কোটচাঁদপুর ৫২ তম শীতকালীন

ক্রীড়া প্রতিযোগিতার উদ্ভোধন

আমি দশ লক্ষ মানুষের দ্বারে দ্বারে তাদের হক পৌঁছে দিতে চাই আপনাদের সহযোগিতায়। যারা আমাকে ভোট দিয়ে এ আসনে বসার সুযোগ করে দিয়েছেন। আজ মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠের ৫২ তম শীত কালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্ভোধনী অনুষ্ঠানে এ কথা বলেন, ঝিনাইদহ -৩ আসনের সংসদ সদস্য মেজর জেনারেল অবঃ সালাহ উদ্দিন মিয়াজি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি,কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন,উপজেলা মুক্তিযোদ্ধা মুক্তি যোদ্ধা কমান্ডার(সাবেক) তাজুল ইসলাম,পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন,সাব্দালপুর ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল মান্ন, জোড়া ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল জলিল বিশ্বাস।

এ ছাড়া উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাশেম আলী,কোটচাঁদপুর পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল,সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমান। উপস্থিত ছিলেন, ৩৪ টি স্কুল,কলেজ, মাদ্রাসার শিক্ষক ও ছাত্রীরা। পরে সংসদ সদস্য ফেস্টুন উড়িয়ে শীত কালীন ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এরপর শুরু ৩৪ টি স্কুল,কলেজ, মাদ্রাসার ছাত্র/ছাত্রীদের অংশ গ্রহনে ক্রীড়া প্রতিযোগিতা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকার।

ঝিনাইদহে মাদক মামলায় একজনের যাবজ্জীবন

ঝিনাইদহে মাদক মামলায় কামরুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত। আজ সোমবার (১৫ জানুয়ারি) দুপুরে সিনিয়র দায়রা জজ আদালতের বিচারক মোঃ নাজিমুদ্দৌলা এ দন্ডাদেশ প্রদান করেন। যাবজ্জীবন প্রাপ্ত আসামী কালীগঞ্জ উপজেলার কাশিপুর গ্রামের মনিরুল ইসলামের ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০১৭ সালের ৭ জুলাই তারিখে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে কালীগঞ্জ উপজেলার কাশিপুর গ্রামে কামরুল ইসলামের বাড়িতে ফেন্সিডিল ক্রয় বিক্রয় হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে তার বাড়িতে পুলিশ অভিযান চালায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে কামরুল পালিয়ে গেলেও বাড়িতে তল্লাশী করে ৬০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে ওই দিনই পুলিশ বাদী হয়ে মাদক দ্রব্য আইনে কামরুল ইসলামের বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মামলা দায়ের করে।

পুলিশ তদন্ত শেষে ২০১৭ সালের ২৩ সেপ্টেম্বর আসামী কামরুল ইসলামের বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করে। দীর্ঘবিচারিক প্রক্রিয়া শেষে আদালত আসামীকে ৩০ হাজার টাকা জরিমানাসহ যাবজ্জীবন কারাদন্ড প্রদান করেন।